## PART A: Objective Type Questions (MCQ)

## SECTION- A (Reading)

## (Unseen Comprehension)

**1. নিচের বিষয় দুটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর বেছে লেখো।** **2×(1×5)**

**A.** ২০৪৫ সালে ভারত প্রথমবারের মতো একটি মানববাহী মহাকাশযান 'অদ্বৈত' পাঠাল মঙ্গলগ্রহের দিকে। মিশনের নেতৃত্বে ছিলেন কমান্ডার অনিরুদ্ধ, সঙ্গে ছিলেন বিজ্ঞানী কিরণ, চিকিৎসক সামীরা এবং প্রকৌশলী রোহিত। লক্ষ্য ছিল মঙ্গলের দক্ষিণ মেরুর বরফস্তরের নিচে জলের সঞ্চয় আছে কিনা তা খুঁজে বের করা, যা ভবিষ্যতের মানব উপনিবেশ গঠনে সহায়ক হবে।

যাত্রার ২২০তম দিনে মহাকাশযান মঙ্গলের কক্ষপথে প্রবেশ করল। কিন্তু ল্যান্ডিংয়ের আগে একটি বড় চ্যালেঞ্জ দেখা দিল— যানটির ন্যাভিগেশন সিস্টেমে সফ্টওয়্যার ত্রুটি ধরা পড়ল। যদি তা ঠিক না করা যায়, তবে ল্যান্ডিং ব্যর্থ হতে পারে। প্রকৌশলী রোহিত দ্রুত বিকল্প ম্যানুয়াল ন্যাভিগেশন সক্রিয় করলেন, কিন্তু এতে জ্বালানির খরচ বেড়ে যাওয়ার ঝুঁকি ছিল। দল সিদ্ধান্ত নিল, প্রথমে কক্ষপথে কয়েকটি পরীক্ষামূলক ঘূর্ণন দিয়ে সিস্টেম যাচাই করা হবে।

অবশেষে, ৬ ঘন্টার উত্তেজনাপূর্ণ কাজের পর ত্রুটি মেরামত হলো। 'অদ্বৈত' নিরাপদে মঙ্গলের দক্ষিণ মেরুতে অবতরণ করল। সামীরা মেডিকেল ল্যাবে প্রথমবারের মতো মঙ্গলের মাটিতে অক্সিজেন উৎপাদনের প্রোটোটাইপ পরীক্ষা করলেন, আর কিরণ বরফের নিচ থেকে নমুনা সংগ্রহ করলেন। পরীক্ষায় প্রমাণ পাওয়া গেল, সেখানে তরল জল আছে।

ফিরে এসে এই মিশন শুধু ভারতের নয়, মানবজাতির মহাকাশ অভিযানের ইতিহাসে এক নতুন অধ্যায় রচনা করল। বিজ্ঞানীরা বলছেন, এই আবিষ্কার ভবিষ্যতে মঙ্গলে দীর্ঘস্থায়ী মানবজীবনের ভিত্তি হতে পারে।

**I) মিশনের প্রধান বৈজ্ঞানিক উদ্দেশ্য কী ছিল?**

**a)** মঙ্গলের বায়ুমণ্ডল পরীক্ষা। **b)** মঙ্গলের বরফস্তরের নিচে জলের অনুসন্ধান।

**c)** মঙ্গলের খনিজ আহরণ। **d)** মহাকাশযানের গতি পরীক্ষা।

**II) ন্যাভিগেশন সিস্টেমে সমস্যা দেখা দিলে দলের তাৎক্ষণিক পদক্ষেপ কী ছিল?**

**a)** মিশন বাতিল করা। **b)** বিকল্প ম্যানুয়াল ন্যাভিগেশন চালু করা।

**c)** জরুরি সংকেত পাঠানো। **d)** সরাসরি ল্যান্ডিংয়ের চেষ্টা করা।

**III) যদি সফ্টওয়্যার ত্রুটি মেরামত করা না যেত, সম্ভাব্য ফলাফল কী হত?**

**a)** ল্যান্ডিং ব্যর্থ হত। **b)** বরফ খোঁজা যেত না।

**c)** মহাকাশযান বিস্ফোরিত হত। **d)** অক্সিজেন উৎপাদন সম্ভব হত না।

**IV) Assertion (A):** ম্যানুয়াল ন্যাভিগেশন সর্বদা নিরাপদ।

**Reason (R):** এতে সফ্টওয়্যার ত্রুটি থাকলেও যাত্রা চালানো যায়।

**সঠিক বিকল্প কোনটি ?**

**a)** **A** এবং **R** দুটোই সত্য, এবং **R** হল **A-**এর সঠিক কারণ। **b) A** সত্য, **R** মিথ্যা।

**c)** **A** এবং **R** দুটোই সত্য, কিন্তু **R A-**এর সঠিক কারণ নয়। **d) A** মিথ্যা, **R** সত্য।

**V) 'সহায়ক' শব্দের সমার্থক কোনটি?**

**a)** পৃষ্ঠপোষক। **b)** প্রতিবন্ধক।

**c)** বিরুদ্ধ। **d)** ধ্বংসাত্মক।

**B.** রবীন্দ্রনাথ ঠাকুরের ঘরে-বাইরে উপন্যাসটি কেবল একটি প্রেমকাহিনি নয়, বরং সামাজিক ও রাজনৈতিক দ্বন্দ্বের দলিল। উপন্যাসের কেন্দ্রীয় চরিত্র নিখিলেশ একজন উদার, শিক্ষিত ও প্রগতিশীল জমিদার। তিনি বিশ্বাস করেন স্বাধীনতার জন্য মানুষের মন প্রথমে শিক্ষিত ও প্রস্তুত হওয়া চাই। তার স্ত্রী বিমলা একসময় শুধুমাত্র গৃহকোণে সীমাবদ্ধ ছিল, কিন্তু নায়ক, বিপ্লবী যুবক সন্দীপের প্রভাবে সে বাইরে বা 'বাইরের' জগতে প্রবেশ করে। সন্দীপ তেজস্বী বক্তা, তিনি স্বদেশি আন্দোলনের নামে আগুন জ্বালাতে চান। বিমলা তার আবেগে মুগ্ধ হয়, কিন্তু নিখিলেশ শান্তভাবে তাকে বোঝান যে সত্যিকার দেশপ্রেম মানে অন্ধ আবেগ নয়, বরং যুক্তি, ন্যায় ও মানবতার ভিত্তিতে দাঁড়ানো।

এখানে 'ঘর' প্রতীকী অর্থে শান্তি, আদর্শ ও নৈতিকতার প্রতীক, আর 'বাইরে' হলো আবেগ, অস্থিরতা ও আন্দোলনের প্রতীক। নিখিলেশ নিজের স্ত্রীকে স্বাধীন মতামত দেওয়ার সুযোগ করে দেন, কারণ তিনি নারীকে কেবল গৃহের সীমায় আটকে রাখতে চান না। কিন্তু এই স্বাধীনতা বিমলার মনে দ্বন্দ্ব সৃষ্টি করে। একদিকে সে নিখিলেশের নীতি, ধৈর্য ও আদর্শ দেখে মুগ্ধ হয়, অন্যদিকে সন্দীপের জ্বালাময়ী কথায় তার আবেগ দোলা খায়। শেষ পর্যন্ত দেখা যায়, আবেগের ঝড়ে অনেক ক্ষতি হয়, আর নিখিলেশের উদার দৃষ্টিভঙ্গি সত্যিকার মানবতার পথ দেখায়।

এইভাবে উপন্যাসে ব্যক্তিগত সম্পর্ক, নারী-পুরুষ সমতা, রাজনৈতিক চেতনা ও নৈতিক মূল্যবোধের মধ্যে সংঘাতকে রবীন্দ্রনাথ অসাধারণভাবে ফুটিয়ে তুলেছেন।

**I) নিখিলেশের চরিত্রের প্রধান বৈশিষ্ট্য কী?**

**a)** আবেগপ্রবণ। **b)** যুক্তিবাদী ও উদার।

**c)** আক্রমণাত্মক। **d)** কৌশলী রাজনীতিবিদ।

**II) নিখিলেশের উপলব্ধিতে দেশপ্রেম হল —**

ক) শিক্ষিত ও যুক্তিবাদী মনের বিকাশ।

খ) অন্ধ আবেগ।

গ) জ্বালাময়ী বাচন শৈলী।

ঘ) মানসিক ভাবে শিক্ষিত হওয়া।

**এক্ষেত্রে কোন্ বিকল্পটি সঠিক?**

**a)** (ক), (খ), (গ)

**b)** (ক), (ঘ)

**c)** (খ), (গ)

**d)** (ক), (খ) (গ) ও (ঘ)

**III) যদি নিখিলেশ বিমলাকে স্বাধীন মত প্রকাশের সুযোগ না দিতেন, তবে কী হত?**

**a)** বিমলার দ্বন্দ্ব তৈরি হত না। **b)** সন্দীপ আরও শক্তিশালী হত।

**c)** বিমলা রাজনীতির নেত্রী হয়ে উঠত। **d)** উপন্যাসের সমাপ্তি বদলে যেত না।

**IV) মন্তব্য:** বিমলা সন্দীপের প্রতি আকৃষ্ট হয়েছিল।

**কারণ:** সন্দীপ যুক্তি দিয়ে ধৈর্যশীল মতামত দিত।

**a)** মন্তব্য সত্য, কারণ মিথ্যা। **b)** মন্তব্য ও কারণ উভয়ই সত্য, এবং কারণটি মন্তব্যের সঠিক ব্যাখ্যা।

**c)** মন্তব্য মিথ্যা, কারণ সত্য। **d)** উভয়ই মিথ্যা।

**V) 'উদার' শব্দটির বিপরীতার্থক শব্দ কোনটি?**

**a)** কৃপণ। **b)** সৎ।

**c)** শান্ত। **d)** প্রখর।